দৈনিক সংবাদ MAR. 2 1 2001
তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# ২০০১-২০০২ শিক্ষা বর্ষের জন্য প্রমোট ফেলোশীপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং ইউরোপীয়ান ইউনিয়নের যৌথ প্রকল্প 'প্রমোট' ২০০১-২০০২ শিক্ষাবর্ষে বি.এড প্রশিক্ষণ কোর্সে ফেলোশীপ প্রদানের উদ্দেশ্যে উপযুক্ত মহিলা গ্রাজুয়েটদের নিকট হতে আবেদনপত্র আহবান করছে। দেশের গ্রামীণ (বেসরকারী) মাধ্যমিক বিদ্যালয়গুলিতে কর্মরত শিক্ষয়িত্রীদের দক্ষতা বৃদ্ধি এবং অধিক সংখ্যক উপযুক্ত মহিলা গ্রাজুয়েটকে গ্রামীণ মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতা পেশায় আকৃষ্ট করার লক্ষ্যে এ ফেলোশীপ প্রদান করা হয়।

- ফেলোশীপের পরিমাণ : প্রশিক্ষণ চলাকালে মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা। প্রশিক্ষণ শেষে ২৫০০/- টাকা মূল্যমানের শিক্ষা উপকরণ সম্বলিত কীট বক্স (Kit box)।
- ফেলোশীপের মেয়াদ : ১০ (দশ) মাস (জুলাই ২০০১ হতে এপ্রিল ২০০২)।
- ফেলোশীপের জন্য যারা আবেদন করবেন :
  - গ্রামীণ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত এমপিওভুক্ত শিক্ষিকা।
  - প্রমোট সুযোগের আওতায় সাবস্টিটিউট টিচার হিসাবে যে সকল শিক্ষিকা গ্রামীণ মাধ্যমিক স্কুলে কর্মরত আছেন।
  - প্রমোট সুযোগের আওতায় অতিরিক্ত শিক্ষক হিসাবে যে সকল শিক্ষিকা গ্রামীণ মাধ্যমিক স্কুলে কর্মরত আছেন।
  - নন-টিচার/ফ্রেস গ্রাজুয়েট। গ্রামীণ স্কুলে কাজ করতে আগ্রহী। গণিত, ইংরেজি অথবা বিজ্ঞান বিষয়ধারী ছাত্রীকে অগ্রাধিকার দেওয়া হবে।

- আবেদনপত্র সাদা কাগজে মুদ্রণ করে বা স্পষ্টাক্ষরে লিখিত হতে হবে।
- আবেদনপত্রে আবেদনকারী যে স্কুলে শিক্ষকতা করেন সে স্কুলের নাম ও ঠিকানা (এমপিওভুক্ত শিক্ষিকার ক্ষেত্রে ব্যানবেইস নং সহ), জন্ম তারিখ, চাকুরীতে যোগদানের তারিখ (ইনডেক্স নং সহ) কোন শ্রেণীতে কি বিষয়ে পাঠ দান করেন এবং একাডেমিক ফলাফল উল্লেখ করতে হবে। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা সরকার নির্ধারিত মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষাগত ন্যূনতম যোগ্যতা সম্পন্ন হতে হবে।
- আবেদনকারীর একাডেমিক ফলাফল কমপক্ষে ২য় শ্রেণীর / ক্লাশের হতে হবে। এমপিওভুক্ত শিক্ষয়িত্রীর ক্ষেত্রে আদেনকারীকে স্বীকৃত বিশ্ববিদ্যাল[য়] থেকে কমপক্ষে স্নাতক পাশ হতে হবে। গণিত, ইংরেজি অথবা বিজ্ঞান বিষয়ে পাঠদানকারী শিক্ষয়িত্রীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- আবেদনকারী যে সরকারী টিচার্স ট্রেনিং কলেজে বি.এড প্রশিক্ষণে আগ্রহী, সেই কলেজে কর্মরত প্রমোট প্রজেক্টের লিয়াজোঁ অফিসারের কার্যাল[য়] থেকে প্রমোট ফেলোশীপ ফরম সংগ্রহ করতঃ ফরমটি যথাযথভাবে পূরণ করে আগামী ২২ এপ্রিল ২০০১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রজে[ক্ট] লিয়াজোঁ অফিসে জমা দিতে হবে।
- *অসম্পূর্ণ ফেলোশীপ ফরম বাতিল বলে গণ্য হবে।*
- একই সাথে, আবেদনকারীকে সরকারী টিটিসিব যে কোন একটিতে (চট্টগ্রাম, ফেনী, কুমিল্লা, ঢাকা, ময়মনসিংহ (মহিলা/কো-এডু), খুলনা, যশোর, রাজশাহী, রংপুর, বা শহীদ আবদুর রব শেরেনিয়াবাত টিটিসি, বরিশাল) টিটিসি কর্তৃক সরবরাহকৃত ফরম নিজ দায়িত্বে পূরণ করে জমা দিতে হবে।
- এম পি ও ভুক্ত শিক্ষয়িত্রীদের ক্ষেত্রে বি এড প্রশিক্ষণের জন্য সংশ্লিষ্ট স্কুল ম্যানেজমেন্ট কমিটির অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।
- স্কুল পরিচালনার জন্য প্রমোট এর অন্যান্য সুযোগ : (কেবল এমপিওভুক্ত শিক্ষয়িত্রীর বেলায় প্রযোজ্য)
  - স্কুল কর্তৃপক্ষ এমপিওভুক্ত শিক্ষয়িত্রীর প্রশিক্ষণকালীন অনুপস্থিতিতে স্কুলে পাঠদান অব্যাহ[ত] রাখার স্বার্থে উপযুক্ত যোগ্যতা সম্পন্ন একজন মহিলা গ্রাজুয়েটকে সাময়িক নিয়োগ দিবেন। নিয়োগপ্রাপ্ত উক্ত সাবস্টিটিউট শিক্ষিকার বেতন-ভাতা বাবদ মাসিক ২৫৫০/- (দুই হাজা[র] পাঁচশত পঞ্চাশ) টাকা প্রমোট প্রকল্প থেকে বহন করা হবে। এই সাবস্টিটিউট টিচার জুলা[ই] ২০০১ থেকে পরবর্তী ১২ মাস বেতনভাতা প্রাপ্য হবেন। পরবর্তী শিক্ষাবর্ষে এ[ই] সাবস্টিটিউট টিচার প্রমোট ফেলোশীপ নিয়ে বি.এড প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ কর[তে] পারবেন। শিক্ষা উপকরণ সংগ্রহের জন্য সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষকে এককালীন ১০,০০০ (দশ হাজার) টাকা অনুদান দেওয়া হবে।
  - প্রমোট ফেলোশীপের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষিকাকে এমপিওভুক্ত শূন্য পদে নিয়ে[াগ] দিলে স্কুল কর্তৃক প্রদেয় বেতনাংশ ২ বছর কাল প্রমোট বহন করবে।
  - নবসৃষ্ট শূন্যপদে নিয়োগ দিলে ২ বছর কাল উক্ত শিক্ষিকার পুরো বেতন এবং ৪ বছর ক[াল] স্কুল কর্তৃক প্রদেয় বেতনাংশ প্রমোট বহন করবে।
  - প্রমোট ফেলোকে নিয়োগ দিলে উক্ত স্কুলকে রিফারবিশমেন্টের জন্য অনুদান হিসা[বে] ৩০,০০০/- টাকা হতে ৪০,০০০/- টাকা পর্যন্ত এককালীন অনুদান দেয়া হবে।
  - গ্রামীণ পরিবেশে কর্মরত শিক্ষিকাদের সুন্দর ও নিরাপদ আবাসনের জন্য প্রমোট উপজে[লা] কমপ্লেক্সে মহিলা হোস্টেল নির্মাণ করছে।
  - বিস্তারিত জানার জন্য নিকটস্থ সরকারী টিচার্স ট্রেনিং কলেজে অবস্থিত প্রজেক্ট লিয়া[জোঁ] অফিসে যোগাযোগ করুন।

প্রকল্প পরিচালক
**প্রমোট**
বাড়ী-০৩, রাস্তা-১১২, গুলশান-২, ঢাকা-১২১২
ফোন নং-৯৮৮২১৩১-৩, ফ্যাক্স নং-৯৮৮২১৩৪
ই মেইল নং-promote@bdmail.net.